

আলীগ নেতার গালাগাল : ছাত্রলীগের পক্ষাবলম্বন

এমপির ছমকি : অতঃপর রাবি ভিসি লাঞ্চিত

রাবি প্রতিনিধি

সরকারদলীয় এমপির ছমকির ২৪ ঘণ্টার মাধ্যমে বুধবার রাঙ্গামাঠী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুহম্মদ মিজানউদ্দিনকে লাঞ্চিত করেছে রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার ও তার সহযোগীরা। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে ভিসির দফতরে এ ঘটনা ঘটে। জানা গেছে, সরকারদলীয় নেতাকর্মীদের চাকরি দেয়ার দাবি জানাতে আসেন মহানগর আওয়ামী লীগ নেতাকর্মীরা। কথা কাটাকাটির একপর্যায়ে ভিসিকে অশ্রাব্য ভাষায় গালাগাল শুরু করেন আওয়ামী লীগের নেতাকর্মীরা। এ সময় বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা প্রফেসর হাদেফুল আলমিন ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর হাবিবুর রহমানসহ বেশ কয়েকজন শিক্ষককে শারীরিকভাবে লাঞ্চিত করা হয়েছে।

এর আগে বুধবার বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শাহ নয়দুন মেডিকেল কলেজকে অনিয়মের দায়ে জরিমানা করায় ভিসিকে তার পদ থেকে সরিয়ে দেয়ার ছমকি দেন সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরী।

প্রত্যক্ষদর্শী দফতরের কয়েকজন কর্মচারী সূত্রে জানা যায়, বৃহস্পতিবার দুপুরে মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

লাঞ্চিত : পৃষ্ঠা ১৫ : কলাম ১

লাঞ্চিত : রাবি ভিসি

(শেষ পৃষ্ঠার পর)

ডাবলু সরকার ও সহসভাপতি শাহাদাত হোসেনসহ ১৫-২০ জন আওয়ামী লীগ নেতাকর্মী কোনো অনুমতি ছাড়াই ভিসির দফতরে প্রবেশ করেন। তারা আওয়ামী লীগ নেতাকর্মীদের দ্রুত কর্মকর্তা ও কর্মচারী পদে নিয়োগ দেয়ার জন্য ভিসির কাছে দাবি জানান। এ সময় ভিসি তাদের বলেন বিশ্ববিদ্যালয়ের বিধি ও প্রক্রিয়া মেনেই যথাযথ সময়ে নিয়োগ দেয়া হবে। ভিসির উত্তরে সঠিক না হয়ে একপর্যায়ে আওয়ামী লীগ নেতারা উচ্চবাচ্য শুরু করেন। এক পর্যায়ে বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর হাবিবুর রহমান মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি শাহাদাত হোসেনকে হাত ধরে শাও হতে বললে আওয়ামী লীগ নেতারা শিক্ষকদের মারতে তেড়ে আসেন। এ সময় মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকারসহ নেতারা ভিসিসহ উপস্থিত শিক্ষকদের গালাগাল করতে থাকেন। পরে ভিসি তাদের সঙ্গে কোনো কথা বলবেন না বললে আওয়ামী লীগ নেতারা বের হয়ে যান। মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার যুগান্তরকে বলেন, 'শিথিরের হাতে নিহত ছাত্রলীগ কর্মী ফারুককে বোনের চাকরি স্থায়ী করা, আহত ছাত্রলীগ নেতা মাসুদের পরীক্ষার ব্যবস্থাসহ আমাদের কিছু দাবি নিয়ে ভিসির সঙ্গে কথা বলতে যাই। এ সময় কিছুটা উত্তেজনা হয়েছে।' এদিকে এ ঘটনার পরপরই বিশ্ববিদ্যালয়ের বিকোড মিছিল বরছে ছাত্রলীগের একাংশ। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান রানার নেতৃত্বে ছাত্রলীগ নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে থেকে মিছিল নিয়ে টুকটাকি চত্বরে গিয়ে সর্গক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে ছাত্রলীগ সভাপতি বলেন, 'বর্তমান ভিসি অশাসনীয়-শিথির ভাষণ করতে অভ্যস্ত হয়ে পড়েছেন। তিনি আমাদের পক্ষে কোনো কাজ করেন না। আমরা তার পদত্যাগ চাই। পরে ভিসির পদত্যাগ দাবিতে বিকাল ৩টা থেকে ২০ মিনিট আবাসিক হলের সামনে অবস্থান কর্মসূচি পালন করে ছাত্রলীগ নেতাকর্মীরা। এদিকে বুধবার ভিসিকে পদ থেকে সরিয়ে দেয়ার ছমকির ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বিপ্লবী ছাত্রসৈন্যী রাবি শাখা। বিবৃতিতে এমপি ওমর ফারুক চৌধুরীর অপসারণ দাবি করা হয়েছে।